# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৫৪৪

পর্ব-১১: হজ্জ (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ১. প্রথম অনুচ্ছেদ - ইহরাম ও তালবিয়াহ্

بَابُ الْإِحْرَامِ وَالتَّلْبِيَةِ

আরবী

وَعَنْ أَنَسٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: كُنْتُ رَدِيفَ أَبِي طَلْحَةَ وَإِنَّهُمْ لَيَصْرُخُونَ بهِما جَمِيعًا: الْحَج وَالْعمْرَة. رَوَاهُ الْبُخَارِيّ

বাংলা

২৫৪৪-[৫] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি একই সওয়ারীতে আবূ ত্বলহাহর সাথে পিছনে বসেছিলাম, তখন সাহাবীগণ সম্মিলিতভাবে হজ্জ/হজ ও ’উমরার জন্যে উচ্চস্বরে তালবিয়াহ্ পাঠ করছিলেন। (বুখারী)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ২৯৮৬, আহমাদ ১২৬৭৮, মু‘জামুল আওসাত লিত্ব ত্ববারানী ৮১৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِنَّهُمْ لَيَصْرُخُونَ بهِما جَمِيعًا: اَلْحَجِّ وَالْعُمْرَةِ) নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তাঁর সাহাবীগণ সমস্বরে একত্রে হজ্জ/হজ ও ‘উমরা-এর তালবিয়াহ্ পাঠ করতেন। অত্র হাদীস প্রমাণ করে যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কিরান হজ্জ/হজ করেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57104

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন